

Visit of Shri V. Muraleedharan, Minister of State for External Affairs to the Republic of The Gambia (1-3 November 2021)

November 05, 2021

বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের গ্যাম্বিয়া প্রজাতন্ত্র সফর (1 - 3 নভেম্বর 2021)

নভেম্বর 05,2021

বিদেশ এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন 1 থেকে 3 রা নভেম্বর 2021- এ গ্যাম্বিয়া প্রজাতন্ত্র সফর করেছেন। 30 শে জুলাই থেকে 1 লা আগস্ট 2021 -এ রাষ্ট্রপতি রামনাথ কোভিন্দের সর্বপ্রথম গ্যাম্বিয়াতে রাষ্ট্রীয় সফরের ফলোআপ হিসেবে এই সফর হয়েছে। প্রতিমন্ত্রী তার সফর কালে গ্যাম্বিয়ার রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার অ্যাডামা বারোর সাথে সাক্ষাৎ করেছেন । প্রতিমন্ত্রী, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী, আন্তর্জাতিক সহযোগিতা এবং বিদেশে গ্যাম্বিয়ানদের মন্ত্রী ডঃ মামাদৌ ট্যাঙ্গারার সাথে দ্বিপাক্ষিক সহযোগিতার উপরে আলোচনা করেছেন এবং আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। প্রতিমন্ত্রী তার সফরকালে, গ্যাম্বিয়ার জাতীয় অ্যাসেম্বলির স্পিকার শ্রীমতী মারিয়ম জ্যাক-ডেন্টনের সাথে এবং উচ্চশিক্ষা, গবেষণা, বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রী মিস্টার বাদারা জুফ-এর সাথেও সাক্ষাৎ করেছেন। ভারত এবং গ্যাম্বিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিকাশের ক্ষেত্রে অংশীদারিত্বকে বৃদ্ধি করার পারস্পরিক ইচ্ছাও রয়েছে।

2. সফরকালে, কূটনৈতিক এবং সরকারি পাসপোর্টধারীদের ক্ষেত্রে ভিসার প্রয়োজনীয়তাকে রদ করার একটি চুক্তি এবং আরেকটি ভারত ও গ্যাম্বিয়ার মধ্যে সহযোগিতার জন্য একটি সাধারণ পরিকাঠামোর চুক্তি, এই দুটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ডায়ালিসিস মেশিন জোগাড়ের জন্য গ্যাম্বিয়ার অনুরোধের ভিত্তিতে আরও 5,

00,000 মার্কিন ডলারের অনুদানের কথা সফরকালে ঘোষণা করা হয়েছে। সফর কালে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী, আন্তর্জাতিক সহযোগিতা এবং বিদেশে গ্যাম্বিয়ানদের মন্ত্রী ডঃ মামাদৌ ট্যাঙ্গারা এবং প্রতিমন্ত্রী যৌথ ভাবে ভারতের স্বাধীনতার 75 বছর উদযাপনের স্মারক ডাকটিকিট প্রকাশ করেন।

3. প্রতিমন্ত্রী, বানজুলে গাম্বিয়ার জাতীয় অ্যাসেম্বলি বিল্ডিং কমপ্লেক্স পরিদর্শন করেছেন, যা লাইন অফ ক্রেডিট এর অধীনে নির্মিত পশ্চিম আফ্রিকার অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্প। বৃহত্তর বানজুল এলাকায় লাইন অফ ক্রেডিট এর অধীনে জারি থাকা দুটি প্রকল্পও তিনি পরিদর্শন করেছেন, একটি হল বিদ্যুতায়ন সম্প্রসারণ প্রকল্প এবং আরেকটি হল ইউপিভিসি-র দ্বারা অ্যাসবেস্টসের জলের পাইপকে প্রতিস্থাপন করা। এছাড়াও, তিনি কাচিকালি মিউজিয়াম এবং ইউনিভার্সিটি অফ দ্য গাম্বিয়া কনস্ট্রাকশন সাইট পরিদর্শন করেন, যা একটি ভারতীয় কোম্পানি দ্বারা নির্মীয়মান গাম্বিয়ান সরকারের একটি প্রকল্প।

4. গ্যাম্বিয়াতে 1600 জনের একটি ছোট্ট অথচ প্রাণবন্ত ভারতীয় সম্প্রদায়ের বসবাস রয়েছে, যারা মূলত বিক্রেতা এবং ব্যবসায়ী। প্রতিমন্ত্রী তার সফরকালে ভারতীয়দের সাথে আলাপচারিতা করেছেন। সমগ্রিক ভাবে এই সফর গ্যাম্বিয়ার সাথে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও বৈচিত্রপূর্ণ এবং গভীর করার একটি সুর রচনা করেছে।

নিউ দিল্লি

নভেম্বর 5, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.